European University of Bangladesh
2/4, Gabtoli, Mirpur, Dhaka-1216
Website: www.eub.edu.bd, E-mail: info@eub.edu.bd

তারিখ: ১৮/১১/২০২৬

বরাবর
সম্পাদক
দ্য ডেইলি ক্যাম্পাস
ঢাকা।

বিষয়: ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের উপাচার্যের বক্তব্য বিকৃত করে প্রকাশিত সংবাদের প্রতিবাদ।

জনাব,

গত ১৬ নভেম্বর ২০২৬ তারিখে আপনার অনলাইন সংবাদমাধ্যম দ্য ডেইলি ক্যাম্পাস-এ **"এসেছিলেন রক্ষক হয়ে, অভিযোগ উঠল ভক্ষক হয়ে উঠার প্রশাসক বোর্ডের বিরুদ্ধে অনিয়ম-অর্থ আত্মসাতের অভিযোগ"** শিরোনামে প্রকাশিত প্রতিবেদনে আমার (উপাচার্যের) নাম উদ্ধৃতি করে যে বক্তব্য ছাপা হয়েছে, তা আমার দৃষ্টিগোচর হয়েছে। উক্ত প্রতিবেদনে আমার উদ্ধৃতি দিয়ে উল্লেখ করা হয়েছে যে **"বোর্ড অব অ্যাডমিনিস্ট্রেটরস আমাকে নিয়োগ দিতে বলেছে, আমি নিয়োগ দিয়েছি; এটি বৈধ নাকি অবৈধ আমি জানি না।"** আমি স্পষ্টভাবে জানাতে চাই, এ ধরনের কোনো বক্তব্য বা বিবৃতি আমি কখনোই দেইনি। পত্রিকায় আমার বক্তব্য উদ্ধৃত করে যা প্রকাশ করা হয়েছে, তা সম্পূর্ণ ভিত্তিহীন, মনগড়া ও বানোয়াট। এ বিষয়ে আমার স্পষ্ট অবস্থান নিচে তুলে ধরা হলো:

১. **উপাচার্যের বক্তব্য বিকৃতকরণ ও BoA-এর আইনগত ভিত্তি:**

ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর অভ্যন্তরীণ বিরোধের কারণে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কায় মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের ৫ জুলাই ২০২৬ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বোর্ড অব অ্যাডমিনিস্ট্রেটরস (BoA) গঠিত হয়। উপাচার্য হিসেবে পদাধিকারবলে আমি নিজেই এই বোর্ডের একজন সদস্য। বোর্ডের যে কোনো সিদ্ধান্ত আমাদের সকলের সম্মিলিত সিদ্ধান্ত। সুতরাং, বোর্ডের সিদ্ধান্তের বৈধতা নিয়ে আমার অজ্ঞতা প্রকাশের কোনো প্রশ্নই ওঠে না। বোর্ডের এর সকল নিয়োগের বিষয়ে আমার সম্মতি আছে।

পৃষ্ঠা-০১

CamScanner

২. **নিয়োগসংক্রান্ত ক্ষমতা ও প্রযোজ্য প্রক্রিয়া:**

বোর্ডের নিয়োগসংক্রান্ত কোনো ক্ষমতা নেই বলে সংবাদে যে ধারণা দেওয়া হয়েছে, তা সংশ্লিষ্ট সরকারি প্রজ্ঞাপনের সঙ্গে সংগতিপূর্ণ নয়। উল্লেখিত প্রজ্ঞাপনের " ঙ " শর্ত অনুযায়ী এই বোর্ড বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী বোর্ড অব ট্রাস্টিজের সকল ক্ষমতা ও দায়িত্ব পালন করার আইনগত এখতিয়ার রাখে। তাই বোর্ডের সকল নিয়োগ ও প্রশাসনিক কার্যক্রম সম্পূর্ণ বৈধ ও নিয়মতান্ত্রিকভাবে পরিচালিত হচ্ছে। আপনার বহুল প্রচারিত সংবাদমাধ্যমে আমার এই প্রতিবাদলিপিটি যথাযথ গুরুত্বের সঙ্গে প্রকাশ করে সৃষ্ট বিভ্রান্তি নিরসনে সহযোগিতা করবেন বলে আশা করি।

অধ্যাপক ড. মো. গোলাম মরতুজা ১৮/১১/২৬
উপাচার্য
ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (ইইউবি)
গাবতলী, ঢাকা।

CamScanner